**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল কুইন্সের রূপান্তরকারী 739 মিলিয়ন মার্কিন ডলারের কিউ গার্ডেন্স ইন্টারচেঞ্জ প্রকল্পের নির্মাণকাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

***একাধিক পর্যায়ের প্রকল্পটি যাতায়াতে ব্যাপক ব্যবহৃত করিডোরকে নতুন করে গড়ে তোলে, JFK বিমানবন্দরে যাতায়াতের সুযোগ বৃদ্ধি করে, নিরাপত্তা উন্নত করে এবং উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করে***

***রাস্তা সংলগ্ন ঝড়ের পানির ড্রেনেজ ব্যবস্থা উন্নত করার মাধ্যমে জলবায়ু স্থিতিস্থাপকতাকে জোরদার করে***

***পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য মিশ্র ব্যবহারের নিবেদিত পথ দ্বারা একাধিক ধরনের পরিবহনের প্রচার করে***

***প্রকল্পের উপর আলোকপাত করা ভিডিও দেখুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে কুইন্সের 739 মিলিয়ন মার্কিন ডলারের কিউ গার্ডেন্স ইন্টারচেঞ্জ (Kew Gardens Interchange) প্রকল্পের নির্মাণকাজ শেষ হয়েছে, যা যাতায়াতে ব্যাপক ব্যবহৃত করিডোরকে নতুন করে গড়ে তোলার জন্য নিউ ইয়র্ক স্টেটের একাধিক পর্যায়ের কাজের সমাপ্তি চিহ্নিত করলো। রূপান্তরকারী প্রকল্পটি একাধিক মুখ্য সমস্যা সমাধান করেছে যা পুরনো অবকাঠামোর কাঠামোগত ও প্রয়োগগত ঘাটতি থেকে সৃষ্টি হয়েছিলো, এবং এটি প্রদর্শন করছে কীভাবে আরো কৌশলী এবং স্বপ্নদর্শী একটি নকশা সমাধান প্রদান করতে পারে এবং জনগণের জন্য সর্বোচ্চ সুবিধা প্রদান করতে পারে।

"নিউ ইয়র্কের প্রধান বিমানবন্দরগুলির একটির কাছের এই অত্যাবশ্যকীয় ইন্টারচেঞ্জের রূপান্তর হলো স্টেটের পরিবহন নেটওয়ার্কের আধুনিকায়নে আমাদের প্রয়াসের সর্বশেষ অর্জন," **গভর্নর হোকল বলেন।** "কিউ গার্ডেন্সকে সম্পূর্ণ ঢেলে সাজানোর ফলে রাস্তার একটি নিরাপদতর, কম জ্যামের নেটওয়ার্ক পাওয়া যাবে, যা প্রায় 600,000 দৈনিক মোটরচালকদের যাত্রার অভিজ্ঞতা উন্নত করবে, জীবনযাত্রার মান উন্নত করবে, এবং আগামী অনেক দশক ধরে আঞ্চলিক অর্থনীতিকে বলীয়ান করবে।"

নতুন করে সাজানো কিউ গার্ডেন্স ইন্টারচেঞ্জের ফলে দ্রুততর যাতায়াতের সময়, আরো নিরাপদে রাস্তায় উঠা ও বের হওয়া, এবং আরো লাখ লাখ যাতায়াতকারী, যাত্রী এবং স্থানীয় ব্যবসার জন্য আরো নির্ভরযোগ্য সংযোগ সম্ভব করেছে যারা প্রতিদিন জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে (John F. Kennedy International Airport, JFK) এবং অঞ্চলটির অন্যান্য মুখ্য গন্তব্যে পৌঁছাতে এটি ব্যবহার করে। এতে রয়েছে 22টি নতুন ব্রিজ, তিনটি সংস্কারকৃত ব্রিজ, আরো প্রশস্ত যাতায়াতের লেন, নতুন লেন কনফিগারেশন, উন্নততর সাইনেজ, হালনাগাদ করা ঝড়ের পানির ড্রেনেজ, এবং পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য একটি নতুন নিবেদিত মিশ্র ব্যবহারের পথ।

এইসব এবং অন্যান্য উন্নয়নকাজ একত্রে উন্নততর নিরাপত্তা ও স্থিতিস্থাপকতা প্রদান করে কুইন্সের এবং আশেপাশের সম্প্রদায়সমূহের সকল ব্যবহারকারীর জন্য।

কিউ গার্ডেন্স ইন্টারচেঞ্জ হলো গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে (Grand Central Parkway), ভ্যান উইক এক্সপ্রেসওয়ে (Van Wyck Expressway), জ্যাকি রবিনসন পার্কওয়ে (Jackie Robinson Parkway) এবং ইউনিয়ন টার্নপাইকের (Union Turnpike) জটিল একটি ইন্টারসেকশন, প্রতিদিন প্রায় 600,000 যান যা ব্যবহার করে। অতীতে, পুরো ইন্টারচেঞ্জজুড়ে থাকা ব্যাপক ঘাটতির কারণে জ্যাম এবং গড় দুর্ঘটনার হারের থেকে উচ্চতর হার দেখা গেছে। যত্নসহকারে মূল্যায়নের পর, নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) এই সিদ্ধান্ত নেয় যে এই সমস্যাগুলির যথাযথ সমাধানের জন্য একটি সাহসী এবং জটিল কাজ শুরু করা প্রয়োজন এবং সম্মিলিতভাবে 739 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে ইন্টারচেঞ্জে চারটি নির্মাণ চুক্তির মাধ্যমে একাধিক কাঠামোগত ও প্রয়োগগত উন্নয়ন কাজ করার জন্য।

চতুর্থ পর্যায়, যা 366 মিলিয়ন মার্কিন ডলারের চূড়ান্ত পর্যায়, অর্থায়িত হয়েছে স্টেট কর্তৃক, এবং এটি নির্মাণকাজের প্রথম তিনটি পর্যায়ে হওয়া উন্নয়নকাজগুলিকে একত্রিত করেছে। এটি পাঁচটি নতুন ব্রিজ স্থাপন করেছে এবং ছয়টি বিদ্যমান ব্রিজকে প্রতিস্থাপন করেছে; যাতায়াতের লেন এবং শোল্ডারকে প্রশস্ত করেছে; ট্র্যাফিক প্রবাহ উন্নত করার জন্য অন এবং অফ র‍্যাম্প উন্নত করেছে; আরো নিরাপদে রাস্তায় উঠা ও বের হওয়ার জন্য লেন কনফিগারেশন পরিবর্তন করেছে; সাইট দূরত্ব উন্নত করেছে; সাইনেজ হালনাগাদ করেছে; এবং বাতির ব্যবস্থা, ড্রেনেজ ও ল্যান্ডস্কেপিং উন্নত করেছে।

2021 সালের অক্টোবর মাসে, গভর্নর হোকল চতুর্থ পর্যায়ের অংশ হিসেবে উল্লেখযোগ্য মাইলফলক ঘোষণা করেন, যার মধ্যে রয়েছে পশ্চিমমুখী ইউনিয়ন টার্নপাইক থেকে পশ্চিমমুখী গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়েতে প্রবেশ করতে থাকা মোটরচালকদের জন্য এবং যারা পূর্বমুখী জ্যাকি রবিনসন পার্কওয়ে থেকে এক্সিট 8W তে গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত যাচ্ছে তাদের জন্য সহজতর সংযোগ প্রদান করতে নতুন র‍্যাম্পের কাজ শেষ করা। এই সময়ে, চতুর্থ পর্যায় এছাড়াও পূর্বমুখী জ্যাকি রবিনসন পার্কওয়ে থেকে পশ্চিমমুখী গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত মিলিত হওয়ার দৈর্ঘ্য বৃদ্ধি করেছে, যার ফলে র‍্যাম্পের শেষে একটি স্টপ সাইন অপসারণ করা এবং ড্রেনেজ ব্যবস্থা হালনাগাদ করা সম্ভব হয়েছে।

সেই সময় থেকে, চতুর্থ পর্যায় জ্যাকি রবিনসন পার্কওয়ে থেকে পূর্বমুখী গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত একটি স্টপ সাইন অপসারণ করতে কাজ করেছে। প্রকল্পটি পশ্চিমমুখী ইউনিয়ন টার্নপাইক থেকে পশ্চিমমুখী গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত র‍্যাম্পে একটি দ্রুতগতির লেন তৈরি করেছে এবং এই দুই রাস্তা যেখানে মিলিত হয়েছে সেখানকার স্টপ সাইন অপসারণ করেছে।

প্রকল্পটি গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে, ইউনিয়ন টার্নপাইক, জ্যাকি রবিনসন পার্কওয়ে, দক্ষিণমুখী ভ্যান উইক এক্সপ্রেসওয়ে এবং উত্তরমুখী ভ্যান উইক এক্সপ্রেসওয়ের রাস্তার মধ্যকার অ্যাট-গ্রেড র‍্যাম্প সংযোগ উন্নত করেছে আদর্শ মানের শোল্ডার দিয়ে, যার ফলে আরো নিরাপদ চলাচল সম্ভব হয়। দক্ষিণমুখী ভ্যান উইক এক্সপ্রেসওয়ে থেকে পশ্চিমমুখী জ্যাকি রবিনসন পার্কওয়ে পর্যন্ত একক লেনের র‍্যাম্পের পুনর্গঠন একটি আদর্শ প্রশস্তের লেন এবং আদর্শ প্রশস্তের শোল্ডার তৈরি করেছে নিরাপদতর চলাচল করার জন্য।

প্রকল্পটি এছাড়াও ঝড়ের পানির ড্রেনেজ ব্যবস্থার পুনর্গঠন করেছে বিদ্যমান রাস্তার বন্যা প্রশমন করার জন্য, বিশেষ করে গ্র্যান্ড সেন্টারল পার্কওয়ে, ইউনিয়ন টার্নপাইক এবং জ্যাকি রবিনসন পার্কওয়েতে।

পাশাপাশি, প্রকল্পটি পথচারীদের নিরাপত্তা সমাধান করেছে, একটি নিবেদিত মিশ্র ব্যবহারের পথ তৈরি করেছে যা কিউ গার্ডেনস-ইউনিয়ন টার্নপাইক সাবওয়ে স্টেশন পর্যন্ত যেতে দেয় এবং এখানে বিদ্যমান বাইসাইকেল পথে যাওয়া আসা করার সুযোগ রয়েছে। নিবেদিত পথটি একটি পথচারী রুট নির্মূল করে যা পূর্বে পথচারীদের তিনবার রাস্তা পার হতে বাধ্য করতো উল্লেখযোগ্য উচ্চগতির যানবাহনের ট্র্যাফিকের মধ্যে দিয়ে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট একটি জাতীয় নেতা হিসেবে অবস্থান ধরে রেখেছে, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর উন্নয়ন করছে, প্রদর্শন করছে কীভাবে পরিবহনে এই বড় বিনিয়োগগুলি আমাদের অর্থনীতিতে ইন্ধন প্রদান করছে এবং সম্প্রদায়সমূহকে নির্ভরযোগ্য সংযোগ দ্বারা উত্থিত করছে। হাজার হাজার যাতায়াতকারী, যাত্রী এবং ট্রাকচালক প্রতিদিন নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ডজুড়ে বিভিন্ন গন্তব্যে পৌঁছাতে কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ ব্যবহার করে। এই একাধিক পর্যায়ের প্রকল্পটির কাজ অবশেষে শেষ হয়েছে, তাই আমরা এই অত্যাবশ্যকীয় করিডোরে মানুষ ও পণ্যের আরো নিরাপদ, কার্যকর প্রবাহ নিশ্চিত করতে পারবো।"

**স্টেটের সিনেটর জোসেফ পি. অ্যাডাবো বলেন,** "এই একাধিক পর্যায়ের প্রকল্পটির কাজ শেষ হওয়া এই অত্যাবশ্যকীয় রাস্তায় একটি একদম নতুন যাতায়াতের অবকাঠামো নিয়ে এসেছে। কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ যাতায়াতকারীদের JFK বিমানবন্দরসহ কুইন্সের বহু গুরুত্বপূর্ণ স্থানে আরো ভালো যাতায়াতের সুযোগ দিবে। এই রাস্তাগুলিকে চালক, সাইকেলচালক এবং পথচারীদের যাতায়াতের জন্য একইরকম সহজতর ও নিরাপদতর করার মাধ্যমে এটি প্রতিদিন এই রাস্তাগুলি ব্যবহার করে যাতায়াতকারী এবং আমাদের শহরের মধ্যে দিয়ে যাওয়া সকলের জন্য লাভজনক হবে।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যান্ড্রু হিভেসি বলেন,** "মজবুত, হালনাগাদ অবকাঠামো আমাদের সম্প্রদায়ের মেরুদণ্ড। এটি কুইন্সজুড়ে মানুষকে সংযুক্ত করবে এবং এছাড়াও হাজার হাজার চালক, বাইকচালক ও হেঁটে চলা মানুষদের জন্য যাতায়াত আরো নিরাপদ করবে। আমি আমাদের সকল প্রতিবেশীদের পক্ষে স্টেটের DOT এবং গভর্নর হোকলকে আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করছি এই স্বপ্নের জন্য এবং এই ব্যাপক কাজটি কার্যকরভাবে শেষ করার উপায় বের করার জন্য।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস জুনিয়র বলেন,** "কুইন্স বরো হলের (Queens Borough Hall) ঠিক বাইরে অবস্থিত কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ সফলভাবে ঢেলে সাজানো একটি উল্লেখযোগ্য অর্জন এবং কুইন্সের পরিবহন অবকাঠামোর আধুনিকায়নে আমাদের অব্যাহত প্রচেষ্টার জন্য একটি প্রধান মাইলফলক। চালক এবং যাত্রীরা যারা আমার অফিস এবং কুইন্সজুড়ে অন্যান্য গন্তব্যে পৌঁছাতে এই ইন্টারচেঞ্জ ব্যবহার করে যাতায়াত করে, তারা এখন আরো নিরাপদ এবং মসৃণ যাত্রা করতে পারবে এবং একইসাথে জ্যাম কম হবে এবং যাত্রার সময় হ্রাস পাবে। কিউ গার্ডেনস ইন্টারচেঞ্জ প্রকল্পটি একটি অত্যাবশ্যকীয় গুরুত্বপূর্ণ কাজ ছিলো, এবং আমি গভর্নর হোকল এবং স্টেটের পরিবহন কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজকে ধন্যবাদ জানাচ্ছি এর কাজ শেষ হওয়া নিশ্চিত করার জন্য।"

অতীতে সম্পূর্ণ হওয়া প্রথম পর্যায়ের প্রকল্পের মধ্যে ছিলো ভ্যান উইক এক্সপ্রেসওয়ের একটি অংশ প্রশস্ত করা এবং উত্তরমুখী ভ্যান উইক থেকে পশ্চিম মুখী কুইন্স ব্যুলেভার্ড পর্যন্ত এক্সিট র‍্যাম্প, ভ্যান উইকের উপর চারটি ব্রিজ, মেইন স্ট্রিটের উপর ভ্যান উইক ব্রিজ, এবং মেইন স্ট্রিটের উপর কুইন্স ব্যুলেভার্ড ব্রিজের সংস্কার। এছাড়াও প্রকল্পটিতে ছিলো গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে এবং মেইন স্ট্রিটের মধ্যকার উত্তরমুখী ও দক্ষিণমুখী উভয় ভ্যান উইকে সহায়ক লেন নির্মাণ করা এবং এটি দক্ষিণমুখী হিলসাইড অ্যাভিনিউতে একটি নিবেদিত এক্সিট র‍্যাম্প প্রদান করেছে।

সম্পূর্ণ হওয়া দ্বিতীয় পর্যায়ের প্রকল্প একটি নতুন, আরো প্রশস্ত উত্তরমুখী ভ্যান উইক এক্সপ্রেসওয়ে ভায়াডাক্ট নির্মাণ করে, যেখানে এখন তিনটি যাত্রা লেন রয়েছে যেহেতু তৃতীয় পর্যায়ের কাজ শেষ হয়েছে।পাশাপাশি, এটি জ্যাকি রবিনসন পার্কওয়ে এবং ইউনিয়ন টার্নপাইককে উত্তরমুখী ভ্যান উইক এক্সপ্রেসওয়ের সাথে সংযুক্তকারী এক লেনের প্রবেশ র‍্যাম্পকে একটি নতুন দুই লেনের র‍্যাম্প দিয়ে প্রতিস্থাপিত করেছে। গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ের সংযোগকারী র‍্যাম্পের উপরের পূর্বমুখী ইউনিয়ন টার্নপাইক ব্রিজে একটি নতুন ডেক এবং ব্রিজের যেখানে ইউনিয়ন টার্নপাইক ও জ্যাকি রবিনসন পার্কওয়ে মিলিত হয় সেখানে একটি নতুন ডেকে ও স্টিল গার্ডার স্থাপন করা হয়েছিলো।

সম্পূর্ণ হওয়া তৃতীয় পর্যায় গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ের উপরের বিদ্যমান জর্জরিত দুই লেনের ভ্যান উইক এক্সপ্রেসওয়ের দক্ষিণমুখী ভায়াডাক্টকে একটি চলমান তিন লেনের ভায়াডাক্ট দিয়ে প্রতিস্থাপিত করে এবং পশ্চিমমুখী ইউনিয়ন টার্নপাইক এবং জ্যাকি রবিনসন পার্কওয়েতে নতুন এক্সিট নির্মাণ করে। ভ্যান উইকে এই তিন লেন এছাড়াও এখন গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ের দুইটি লেনের সাথে দীর্ঘতর দূরত্বের জন্য একত্রিত হয়।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং NYSDOT New York City (@NYSDOT_NYC) | Twitter। ফেসবুকে NYSDOT খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418